# আল-জাসিয়া | Al-Jathiya | ٱلْجَاثِيَة

আয়াতঃ ৪৫ : ৩৭

## আরবি মূল আয়াত:

وَ لَهُ الۡكِبۡرِیَآءُ فِی السَّمٰوٰتِ وَ الۡاَرۡضِ ۪ وَ هُوَ الۡعَزِیۡزُ الۡحَكِیۡمُ ﴿۳۷﴾

## অনুবাদসমূহ:

আর আসমানসমূহ ও যমীনের সকল অহঙ্কার তাঁর; তিনি মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়। — আল-বায়ান

আকাশ ও যমীনে তাঁরই শ্রেষ্ঠত্ব ও প্রাধান্য, আর তিনি মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়। — তাইসিরুল

আকাশমন্ডলী ও পৃথিবীতে গৌরব গরিমা তাঁরই এবং তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়। — মুজিবুর রহমান

And to Him belongs [all] grandeur within the heavens and the earth, and He is the Exalted in Might, the Wise. — Sahih International

৩৭. আর আসমানসমূহ ও যমীনের যাবতীয় গৌরব-গরিমা তারই(১) এবং তিনি মহা পরাক্রমশালী, হিকমতওয়ালা।

(১) হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহ্ তাআলা বলেন, “বড়ত্ব আমার বস্ত্র আর অহংকার আমার চাদর; যে কেউ এ দু'টির কোন একটি নিয়ে টানাহেঁচড়া করবে, আমি তাকে জাহান্নামের অধিবাসী করে ছাড়বো।” [মুসলিম: ২৬২০]

তাফসীরে জাকারিয়া

(৩৭) আর আকাশমন্ডলী ও পৃথিবীতে যাবতীয় গৌরব-গরিমা তাঁরই[1] এবং তিনিই পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

[1] যেমন, হাদীসে কুদসীতে মহান আল্লাহ বলেন, “আল্লাহ আয্যা অজাল্ল্ বলেন, “গৌরব ও গর্ব খাস আমার গুণ। সুতরাং যে তাতে আমার অংশী হতে চাইবে আমি তাকে শাস্তি দেব।” (মুসলিম ২৬২০নং)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4510

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন